ALL INDIA RADIO

REGIONAL NEWS UNIT – SILCHAR

EVENING NEWS BULLETIN

BENGALI

21 SEPTEMBER 2025 7:45 PM IST

===========================================================================

(১) সমগ্র দেশে আগামীকাল থেকে কার্যকর হওয়া জি এস টির নতুন সংস্কার সম্পর্কে আজ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দেশবাসিকে সম্বোধন ।

(২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আগামীকাল অরুনাচল প্রদেশ এবং ত্রিপুরা সফর ।

(৩) জনপ্রিয় সঙ্গীত শিল্পী জুবিন গার্গের নশ্বর দেহ অনুরাগীদের শেষ শ্রদ্ধা নিবেদনের জন্য আজ রাত ও আগামীকাল সরুসজাই স্টেডিয়ামে রাখা হবে বলে মুখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মার প্রকাশ / পরিবারের ইচ্ছা অনুসারে শিল্পীর শেষকৃত্য সোনাপুরে সম্পন্ন করার সিদ্ধান্ত ।

এবং

৪) মহালয়ার পূণ্য লগ্নে আজ পিতৃ পক্ষের অবসান ও দেবী পক্ষের সূচনা ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে আগামীকাল নবরাত্রীর প্রথম দিন থেকেই সমগ্র দেশে জি এস টি রেহাই কার্যকর হবে ।এর ফলে দুস্থ ,

মধ্যবিত্ত , কৃষক , প্রবিণ নাগরিক এবং যুবক যুবতীরা উপকৃত হবেন বলে তিনি জানান । সামগ্রী ও সেবা কর অর্থাৎ জি এস টি'র নতুন সংস্কার সম্পর্কে আজ জনসাধারণকে সম্বোধন করে প্রধানমন্ত্রী একথা বলেন । স্বাধীনতার পরবর্তী সময়ে এটি দেশের সর্ববৃহৎ কর সংস্কার বলে প্রধানমন্ত্রী মন্তব্য করেন । তিনি বলেন যে চিকিৎসা ক্ষেত্রে ব্যবহৃত সামগ্রীর ক্ষেত্রে জি এস টি হ্রাস বিভিন্ন স্তরের লোকেদেরকে উপকৃত করবে । এছাড়া শিক্ষা ক্ষেত্রে জি এস টি'র হার হ্রাস পাওয়ার ফলে শিক্ষার্থীরা বিশেষভাবে উপকৃত হবে বলে প্রধানমন্ত্রী উল্লেখ করেন ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল অরুনাচল প্রদেশ এবং ত্রিপুরা সফর করবেন । এই সফরের সময়ে তিনি অরুনাচল প্রদেশে ৫ হাজার ১০০ কোটি টাকারও অধিক ব্যয়ে বেশকয়েকটি উন্নয়নমূলক প্রকল্প উদ্বোধন করা সহ তিন হাজার ৭০০ কোটি টাকা ব্যয় সাপেক্ষে দুটি বৃহৎ জল প্রকল্পের ভিত্তিপ্রস্তরও স্থাপন করবেন । এই কার্যসূচীর মধ্যে অন্যান্য বিভিন্ন প্রকল্প সহ সীমান্তবর্তী তাওয়াং জেলায় নির্মীয়মান একটি অত্যাধুনিক সম্মেলন কেন্দ্রেরও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন । শ্রী মোদী এক হাজার ২৯০ কোটি টাকা ব্যয়সাপেক্ষে বেশকয়েকটি পরিকাঠামো প্রকল্পের সূচনা করবেন । এই প্রকল্পগুলির মাধ্যমে রাজ্যের যোগাযোগ ,স্বাস্থ্য অগ্নি নির্বাপন সেবা সহ বেশ কয়েকটি ক্ষেত্রের পরিকাঠামো উন্নত করার লক্ষ্য নির্ধারন করা হয়েছে । ইটানগরে এক জনসভায় ভাষন দেওয়া সহ রাজ্যের স্থানীয় করদাতা ,ব্যাবসায়ী এবং শিল্প প্রতিনিধিদের সঙ্গে মত বিনিময় করবেন ।
ত্রিপুরার মাতাবাড়ীর মাতা ত্রিপুরা সুন্দরীর প্রাঙ্গণে উন্নয়নমূলক কাজকর্মের শুভারম্ভ করবেন ।

---

সদ্য প্রয়াত জনপ্রিয় শিল্পী জুবিন গার্গের পার্থীব শরীর আজ সকালে গুয়াহাটীর গোপীনাথ বরদলৈ আন্তর্জাতিক বিমানবন্দরে নিয়ে আসার পর প্রথমে অভূতপূর্ব জনসমাগমে তাঁর বাসগৃহে নিয়ে যাওয়া হয় ।বাসগৃহে পরিবারের সদস্যদের শেষ শ্রদ্ধা জানানোর পর তাঁর নশ্বর দেহ সরুসজাইর অর্জুন ভোগেশ্বর বরুয়া ক্রীড়া প্রকল্পে রাখা হয়েছে ।শিল্পীকে শেষ শ্রদ্ধা জানানোর জন্য আজ সারা রাত এবং আগামীকাল ষ্টেডিয়াম খোলা রাখা হবে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা জানিয়েছেন ।এদিকে প্রয়াত শিল্পীর অন্ত্যেষ্টিক্রিয়া গুয়াহাটীর পার্শ্ববর্তী সোনাপুরে সম্পন্ন করা হবে বলে শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগু এক সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন ।শিক্ষামন্ত্রী বলেন ---

বাইট

---

প্রখ্যাত সঙ্গীত শিল্পী জুবিন গার্গের অকাল প্রয়ানের পরিপ্রেক্ষিতে আসাম লোকসেবা আয়োগ আজ এবং আগামীকাল অনুষ্ঠেয় পরীক্ষা স্থগিত রেখেছে । আগামীকাল অনুষ্ঠেয় কৃষি উন্নয়ন আধিকারীক পদের সাক্ষাৎকার প্রক্রিয়া ২৫ এবং ২৬ শে সেপ্টেম্বর পর্যন্ত পিছিয়ে দেওয়া হয়েছে ।রাজ্য শোক ঘোষণা করার পরিপ্রেক্ষিতে যুব লেখক সম্মান কার্যসূচীও স্থগিত রাখা হয়েছে ।পরবর্তী সময়ে এই অনুষ্ঠানের সময়সূচী নির্ধারণ করা হবে বলে শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগু জানান ।শিক্ষামন্ত্রী জানান যে বুনিয়াদি সাক্ষরতা এবং সাংখ্যিক মূল্যায়ন পরীক্ষা আগামী ১২ অক্টোবর অনুষ্ঠিত হবে । আগে এই পরীক্ষা

আজ অনুষ্ঠিত হওয়ার কথা ছিল ।সেবা সপ্তাহের অধীনে প্রয়োজনীয় সেবার কার্যসূচী অব্যাহত থাকবে তবে আনুষ্ঠানিক তথা অন্যান্য লাভ বিতরণ অনুষ্ঠানগুলো স্থগিত রাখা হয়েছে ।

---

বড়ো স্বশাসিত পরিষদ (বিটিসি) নির্বাচন আগামীকাল অনুষ্ঠিত হবে । নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য জেলা প্রশাসনগুলি ইতিমধ্যে যাবতীয় ব্যবস্থা গ্রহণ করেছে । প্রিসাইডিং এবং পোলিং আধিকারীকরা ইতিমধ্যে নিজ নিজ ভোটকেন্দ্রে উপস্থিত হয়েছেন । বাক্সা জেলার ৫৭৫ টি ভোটকেন্দ্রে আগামীকাল ভোটগ্রহণ করা হবে । জেলার ৬ টি পরিষদীয় সমষ্টির ৪ লক্ষ ৭৪ হাজার ১৯৭ জন ভোটদাতা ৫২ জন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য নির্ধারণ করবেন । চিরাং জেলার ৭ টি পরিষদীয় সমষ্টির মোট ৪৬৬টি ভোটগ্রহণ কেন্দ্রে আগামীকাল ভোট গ্রহণ করা হবে ।

---

মহালয়ার পূণ্য লগ্নে আজ পিতৃ পক্ষের অবসান ও দেবী পক্ষের সূচনা হয়েছে । এই পবিত্র ক্ষণে দেবী দূর্গার পৃথিবীতে আগমন ঘটে বলে বিশ্বাস করা হয় । আগামীকাল থেকে নবরাত্রি শুরু হচ্ছে । নবরাত্রির প্রথম দিন দেবীকে শৈল্যপুত্রী রূপে পূজা দিয়ে শারদীয় দূর্গা পূজার আধ্যাত্মিক পর্বগুলি শুরু হবে । এবার দেবীর গজে আগমন ও ঘোড়ায় গমন করবেন । আজ মহালয়ার ভোরে দেশ ও রাজ্যের বিভিন্ন প্রান্তের সঙ্গে বরাক উপত্যকার বিভিন্ন নদী ,পুকুর ও জলাশয়ে পূর্বপুরুষের উদ্দেশ্যে জলদান করতে তর্পণ করা হয়েছে । আজ শ্রীভূমি শহরের কালীবাড়ি রোডের বিসর্জন ঘাটে  বহু লোক পিতৃপুরুষের উদ্দেশ্যে তর্পন করেছেন । পাঁচগ্রাম থানা এলাকার

সিদ্ধেশ্বর শিব মন্দিরেও আজ মহালয়ার সকালে বিশেষ পূজো অনুষ্ঠিত হয়েছে বলে আমাদের শ্রীভুমি সংবাদদাতা জানিয়েছেন । এদিকে আজ ভোরে আকাশবানী শিলচর কেন্দ্র সহ স্থানে স্থানে বীরেন্দ্র কৃষ্ণ ভদ্রের কণ্ঠে মহিষাসুর মর্দিনী বাজানো হয় । আবহাওয়া অনুকূল থাকায় আজ সকালে শিলচর সদরঘাটের বরাক সেতু ,অন্নপূর্ণা ঘাটের সেতু সহ শিলচর শহরের বিভিন্ন সড়কে আবাল বৃদ্ধ বণিতাদের ভীড় পরিলক্ষিত হয়েছে ।
তবে উপত্যকার বিভিন্ন দূর্গাপূজা কমিটি এবং সাংস্কৃতিক সংগঠনের পূর্বনির্ধারিত মহালয়ার প্রভাতফেরী ও শোভাযাত্রা ইত্যাদি অনুষ্ঠান জনপ্রিয় সঙ্গীতশিল্পী জুবিন গার্গের আকস্মিক মৃত্যুর পরিপ্রেক্ষিতে বাতিল করা হয় । মহালয়া উপলক্ষ্যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন । এক বার্তায় শ্রী মোদী বলেন যে দূর্গা পূজোর দিন এগিয়ে আসার সঙ্গে সঙ্গে মানুষের জীবন আলোকিত হয়ে ওঠে । দেবী দূর্গার আশীর্ব্বাদ সবার জন্য শক্তি ,আনন্দ ও সুস্বাস্থ্য প্রদান করবে বলে তিনি আশা প্রকাশ করেন ।

---

কাছাড়ের বিদ্যালয় সমূহের পরিদর্শকের নির্দেশে এবং জেলা স্তরীয় আভ্যন্তরীন পরীক্ষা নিয়ন্ত্রন কমিটির সিদ্ধান্ত অনুযায়ী আগামীকালের নবম ও দশম শ্রেণীর ষান্মাসিক পরীক্ষা স্থগিত রাখার কথা জানানো হয়েছে । বিজ্ঞপ্তীতে বলা হয়েছে যে সংশোধিত পরীক্ষা সূচী পরে জানানো হবে ।

---

পাঞ্জাব ন্যাশনেল ব্যাঙ্ক পরিচালিত পি এন বি আর সেটি কাছাড় এবং জেলা কৃষি বিভাগের যৌথ উদ্যোগে বানিজ্যিক উদ্যান শস্যের উদ্যোমী মনোভাব প্রসার প্রশিক্ষনের অংশ হিসেবে এক দিনের ক্ষেত্র পরিদর্শন কাবুগঞ্জের নর্থ ইষ্ট নার্সারিতে আয়োজন করা হয় । এই ক্ষেত্র পরিদর্শনে ৩০ জন

প্রশিক্ষনার্থী অংশ গ্রহন করেন । নার্সারী ম্যানেজমেন্ট , গ্রিন হাউস , শেড নেট ফার্মিং , প্যাক হাউস পরিচালনা এবং উদ্যান শস্য চাষ প্রসারে আধুনিক কৌশল সর্ম্পকে হাতে কলমে মহকুমা কৃষি আধিকারীক ডক্টর নিখিল চন্দ্র দাস ও নর্থ ইষ্ট নার্সারী পরিচালক জহিরুল ইসলাম প্রশিক্ষন প্রদান করেন ।

---

রাজ্যের পরিবহন বিভাগের পক্ষ থেকে জানানো হয়েছে যে গাড়ি ক্রাপেজ নীতি-২০২২ এর আওতায় এককালীন নিষ্পত্তি প্রকল্পের মেয়াদ বাড়িয়ে দেওয়া হয়েছে । আগে এই প্রকল্প কার্য্যকর ছিল চলতি বছরের মার্চ পর্য্যন্ত । এখন ২০২৬ সালের ৩১ শে মার্চ পর্য্যন্ত তা চালু থাকবে
উল্লেখ্য এই প্রকল্প অনুযায়ী গাড়ির মালিক যদি নিজের পুরোন বা অচল গাড়ী অনুমোদিত রেজিষ্ট্রার্ড ভেহিকল স্ক্র্যাপিং ফ্যাসিলিটিতে জমা দেন , তবে সেই গাড়ির উপর বকেয়া দায়ের ৭৫ শতাংশ মকুব করা হবে । এরমধ্যে রয়েছে মটর গাড়ির কর , ফিটনেস জরিমানা ও অন্যান্য মাশুল । এরপর গাড়ির মালিককে সার্টিফিকেট অব ডিপোজিট এবং সার্টিফিকেট অব ভেহিকল স্ক্র্যাপিং যা জমা দিলেই রেজিষ্ট্রেশন শংসাপত্র বাতিল হবে । এদিকে কাছাড়ের পরিবহন বিভাগ থেকে সাধারন মানুষকে এই প্রকল্পের সুযোগ গ্রহন করতে আহ্বান জানানো হয়েছে ।

---